

First page

উন্নয়নের পূর্বশর্ত রাজনৈতিক স্থিতিশীলতা : মাহাথির

যাযাদি রিপোর্ট

দেশের উন্নয়নের স্বার্থে রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রেখে বিদেশি বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি করে দেয়া রাজনৈতিক দলগুলোর দায়িত্ব বলে মন্তব্য করেছেন মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ। শনিবার বিকালে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস'র দ্বিতীয় সমাবর্তনে ভাষণ শেষে আয়োজিত 'মিটি দ্য প্রেস' অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

মাহাথির মোহাম্মদ বলেন, একটি দেশের উন্নয়নের জন্য পূর্ব শর্ত হলো রাজনৈতিক স্থিতিশীলতা। কারণ রাজনৈতিক স্থিতিশীলতার ওপর বিদেশি বিনিয়োগ নির্ভর করে। বিদেশি বিনিয়োগ বাড়লে স্বাভাবিকভাবেই সংশ্লিষ্ট দেশের উন্নয়ন হবে।

এজন্য রাজনৈতিক দলগুলোরই দায়িত্ব স্থিতিশীলতা বজায়

বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি করে দেয়া। প্রধান বিরোধী দল বিএনপির সাম্প্রতিক জাতীয় নির্বাচন বর্জন প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী বলেন, নির্বাচন ও ফলাফল বর্জন কোনো সমাধান নয়। এ ধরনের সিদ্ধান্ত দেশ ও জাতির জন্যও কল্যাণকর নয়। গণতন্ত্রের অগ্রযাত্রা অব্যাহত রাখতে প্রত্যেক রাজনৈতিক দলকে নিজস্ব অবস্থান থেকে অবদান রাখা প্রয়োজন। সেক্ষেত্রে রাজনৈতিক কর্মসূচি দেয়ার ক্ষেত্রে ধ্বংসাত্মক কর্মসূচি এড়িয়ে চলা উচিত। দেশ ও জাতির স্বার্থে রাজনৈতিক দলগুলোকে সহনশীল হওয়ারও পরামর্শ দেন তিনি। এছাড়া মানবতার কল্যাণে মুসলিম জাতি গঠনে এগিয়ে আসতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান



মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী
ড. মাহাথির মোহাম্মদ

মাহাথির : পৃষ্ঠা ২ কলাম ৮

মাহাথির : রাজনৈতিক (প্রথম পৃষ্ঠার পর)

জানিয়েছেন মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির বিন মোহাম্মদ। ড. মাহাথির বিন মোহাম্মদ তার বক্তব্যে বলেন, 'আমাদের বিশ্বজয়ের কোনো লক্ষ্য নেই, কিন্তু আমাদের মুসলিম জাতি ও নিরাপত্তা রক্ষার অধিকার আছে, বর্তমানে আমরা নির্যাতনের শিকার, অনেক নন মুসলিম দেশ থেকে তাদেরকে বের করে দেয়া হয়েছে।' তিনি আরো বলেন, 'এ সময় আমাদের সবচেয়ে বেশি প্রয়োজন জ্ঞানের এবং তার মাধ্যমেই আমরা আমাদের প্রতিরক্ষার ব্যবস্থা করতে পারব।'

এর আগে, সমাবর্তন ভাষণে ড. মাহাথির বলেন, তথ্য-প্রযুক্তি ও আধুনিক শিক্ষায় শিক্ষিত হয়ে বিশ্বের নেতৃত্ব অবারো মুসলিম উম্মাহকেই নিতে হবে।

এজন্য সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে সাবেক মালয়েশীয় প্রধানমন্ত্রী বলেন, আমাদের ত্যাগের মানসিকতা ও তথ্য-প্রযুক্তির সমন্বয় ঘটিয়ে সর্বোপরি এগিয়ে যেতে হবে।